



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ জরিপ অধিদপ্তর
সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর দপ্তর
<http://www.sob.gov.bd>
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ১২০৮



স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০০১.১৭.২৬০২

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭ / ২০ ডিসেম্বর ২০২০

বিষয়: উত্তম চর্চা (Best Practices) বিষয়ক প্রতিবেদন প্রেরণ।

বাংলাদেশ জরিপ অধিদপ্তরের উত্তম চর্চা (Best Practices) বিষয়ক ২০২০-২০২১ অর্থ বছরের প্রতিবেদন নিম্নরূপ:

ক) দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল, এসএমএস) এর ব্যবহার:

বাংলাদেশ জরিপ অধিদপ্তরের আভ্যন্তরীণভাবে অনলাইন রেসপন্স সিস্টেম যথা ই-মেইল, এসএমএস এর মাধ্যমে অনেক ক্ষেত্রে দাপ্তরিক কাজ সমাধান করা হয়। প্রতিরক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় এবং বহিঃবিভাগীয় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে ই-মেইল, এসএমএসের মাধ্যমে দাপ্তরিক পত্র আদান-প্রদান করা হয়। সম্প্রতি বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক অনলাইন রেসপন্স সিস্টেমের মাধ্যমে মোবাইলের সাহায্যে ম্যাপ বিক্রয় কাজ সম্পন্ন করা হচ্ছে। এই ব্যবস্থায় দাপ্তরিক কাজ সম্পাদনের ফলে সরকারি সম্পদ ও সময়ের অপচয় রোধ করা সম্ভব হচ্ছে এবং যে কোন বিষয়ে দ্রুত গতিতে সিদ্ধান্ত প্রদান সম্ভব হচ্ছে।

খ) দাপ্তরিক সকল কাজে ইউনিকোড এর ব্যবহার:

বাংলাদেশ জরিপ অধিদপ্তরে সকল স্তরে ইউনিকোড ব্যবহার করা হচ্ছে। ইউনিকোড ব্যবহারে দাপ্তরিক পত্রালাপ সহজ সাধ্য ও কর্ম সহায়ক হয়েছে।

গ) ই-নথির ব্যবহার:

অত্র অধিদপ্তরে সকল স্তরে ১০০% দাপ্তরিক কাজ ই-নথির মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। ই-নথির ব্যবহারে সচিবালয় নির্দেশমালা ২০১৪ যথাযথভাবে অনুসৃত হচ্ছে। সকল দাপ্তরিক কাজ ইলেকট্রনিক পদ্ধতিতে সম্পন্ন হওয়ায় সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে।

ঘ) ই-টেন্ডার / ই-জিপিআর মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন:

বাংলাদেশ জরিপ অধিদপ্তর ক্রয় কার্য ই-টেন্ডার / ই-জিপিআর মাধ্যমে শুরু করা হয়েছে। এর ফলে সরকারি ক্রয়কার্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে এবং সরকারি অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত হয়েছে।

ঙ) সরকারি ক্রয় কাজে PPA ২০০৬ ও PPR ২০০৮ অনুসরণ:

সরকারি সকল ক্রয় কাজে PPA ২০০৬ ও PPA ২০০৮ যথাযথভাবে অনুসরণ করা হয়। এর ফলে সরকারি সম্পদ ও সরকারি অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত হয়েছে।

চ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা:

অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল কর্মকর্তা নিয়োগ দেওয়া হয়েছে এবং অভিযোগ প্রতিকার বক্স স্থাপন করা হয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থার ফলে অধিদপ্তরে সুস্থ কর্ম পরিবেশ বিরাজ করছে।

ছ) অধিনস্ত অফিস/ইউনিট সমূহ আকস্মিক পরিদর্শন:

অফিসের কাজে গুণগতমান যাছাই এবং দাপ্তরিক কাজ পরিচালনার ক্ষেত্রে কোন সমস্যা বিদ্যমান থাকলে তা চিহ্নিত করার জন্য অধিনস্ত অফিস/ইউনিটসমূহ পরিদর্শন করা হয়।

জ) কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি মনিটরিং:

অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিসে উপস্থিত হওয়ার বিষয়ে উৎসাহিত করা এবং অফিস চলাকালীন সময়ে বিনা অনুমতিতে অফিস ত্যাগ করার বিষয়ে নিরুৎসাহিতকরণ বিষয়ে মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ঝ) দুর্নীতি প্রতিরোধে Grey-Area চিহ্নিতকরণ:

অধিদপ্তরে দুর্নীতি প্রতিরোধ করার জন্য Grey-Area চিহ্নিতকরণ পূর্বক ঐসব বিষয়ে সর্বক দৃষ্টি রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ঞ) লিঙ্গ-বৈষম্য প্রতিরোধ:

অত্র অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীর মধ্যে লিঙ্গ-বৈষম্য যথাসম্ভব দূরীকরণের মাধ্যমে কর্মপরিবেশ সুষ্ঠু ও সুশৃঙ্খল রাখার যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

ট) ১৭-২০ তম গ্রেডের কর্মচারীদের মাসিক ভিত্তিতে ডিলের ব্যবস্থা:

বাংলাদেশ জরিপ অধিদপ্তরের ১৭-২০ তম গ্রেডের কর্মচারীদের (প্রাক্তন ৪র্থ শ্রেণি) মানসিক উন্নয়ন, কর্মদক্ষতা বৃদ্ধি ও সরকারি দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন করার জন্য আলোচ্য কর্মচারীদের প্রতিমাসে একত্রিত করে ডিলের ব্যবস্থা করা হয়। এত করে ১৭-২০ গ্রেডের নিম্ন পর্যায়ের কর্মচারীদের নৈতিক ও দাপ্তরিক উন্নতি সাধিত হয়।

ঠ) দপ্তরের সেবা মূল্য/ ফিস প্রদানের ক্ষেত্রে গৃহীত অর্থের রশিদ প্রদান নিশ্চিতকরণ:

অত্র অধিদপ্তর কর্তৃক ম্যাপ/এরিয়াল ফটোগ্রাফ/ডাটা ইত্যাদি বিক্রয়ের ক্ষেত্রে আবশ্যিকভাবে গৃহীত অর্থের রশিদ প্রদান করা হয়। এত করে অর্থনৈতিক কর্মকাণ্ডের স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হয়।

ড) বকেয়া বিদ্যুৎ, পানি ও জ্বালানী বিল প্রদান:

বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক যথাসময়ে বিদ্যুৎ, পানি ও জ্বালানী বিল পরিশোধ করা হয়।

ইহা আপনার সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য এ সঙ্গে প্রেরণ করা হলো।



মোঃ মুনিরুজ্জামান
ব্রিগেডিয়ার জেনারেল

সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ
১/১২/২০২০
১৪/১২/২০২০

সচিব

প্রতিরক্ষা মন্ত্রণালয়

গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

১। সিনিয়র সহকারী সচিব, ডি-১৬ শাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা।